মোনাখালী ফুটবল টুর্নামেন্টের ৫ম ম্যাচ অনুষ্ঠিত

আজ মঙ্গলবার বিকেলে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের পঞ্চম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে সুবিদপুর ফুটবল একাদশ ও বাঁশবাড়িয়া ফুটবল একাদশের মধ্যে।

সুবিদপুর একাদশ দুর্দান্ত খেলা উপহারের দেয় । ৩-০ গোলে বিধ্বস্ত করে বাঁশবাড়িয়া একাদশ কে।

খেলাটি পরিচালনা করেন সোহেল আহমেদ। তাকে সহযোগিতা করেন কায়েস এবং শরিফুল ইসলাম।

টুর্নামেন্টের ষষ্ঠ ম্যাচটি আগামীকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত হবে চন্দ্রবাস ফুটবল একাদশ ও কেশবপুর ইয়াং স্টার ক্লাবের মধ্যে।

মুজিবনগরে বৃদ্ধের আত্ম*হত্যা

মুজিবনগরে আম গাছের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে জাহান আলী (৬৫) নামে এক বৃদ্ধ।

জাহান আলী মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের মৃত সেধু মালের ছেলে। গতকাল রবিবার দিবাগত রাতের কোন এক সময় মুজিবনগর উপজেলার মানিকনগর-নাজিকোনা রোডে লাউগাড়া মাঠে জৈনেক হিসাব এর পুকুরের পাশে আমগাছের সাথে গলাই রশি দিয়ে আত্মহত্যা করে সে।

আত্মহত্যার বিষয়ে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ড সদস্য রফিকুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, কি কারনে সে আত্মহত্যা করেছে এটা বলা যাচ্ছে না। তবে তার মাথার সমস্যা ছিল।

ঘটনা সত্যতা স্বীকার করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল মেহেরপুর প্রতিদিনকে বলেন, জাহান আলী রবিবার দিবাগত রাত্রের কোন এক সময় গলায় ফাঁসি দিয়ে আত্মহত্যা করে।

পরিবারের কোন অভিযোগ না থাকায় এবং তার মাথায় কিছুটা সমস্যা থাকার কারণে ময়নাতদন্ত ছাড়াই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে ।

এ সময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন।

মুজিবনগরে যুবদল ও ছাত্রদলের লিফলেট বিতরণ

“দেশ বাঁচাও মানুষ বাঁচাও” এখনই সময়, জেগে ওঠো তরুণ, হাতে হাত রাখো, তোমার তারুণ্যদীপ্ত কণ্ঠে ধ্বনিত হোক, গণতন্ত্র মুক্তির শ্লোগান এই স্লোগানকে সামনে রেখে দেশ বাঁচাতে ১৭ জুলাই খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেছেন মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী যুবদল।

শনিবার বিকেলে দারিয়াপুর বাজারে উপজেলা জাতীয়তাবাদী যুবদলের আহ্বায়ক আবুল হাসান এবং সদস্য সচিব আনোয়ারুল ইসলামের নেতৃত্বে এই লিফলেট বিতরণ করা হয়। এ সময় জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মেহদী হাসান রোকনসহ উপজেলা যে যুবদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দুপুর ১ টার দিকে মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী ছাত্রদল কেদারগঞ্জ বাজারে খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, কেন্দ্রীয় ছাত্রদলের যোগাযোগ বিষয়ক সম্পাদক মিনহাজ আহমেদ প্রিন্স, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, সেক্রেটারি আলমগীর হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আফিরুল ইসলাম সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে, মোনাখালী ফুটবল খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেকের সঞ্চালনায়, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য হাবিবুর রহমান হাবিবসহ টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্ট -২০২৩ নকআউট শুক্রবার টুর্নামেন্টে ৩২ টি দল অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের বিজয়ী দলকে পুরস্কার হিসেবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দলকে পুরস্কার হিসেবে ৬০ হাজার টাকা প্রদান করা হবে।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে যতারপুর ফ্রেন্ডস ক্লাব এবং রাজনগর একাদশ বৃষ্টি বিঘ্নিত উদ্বোধনী খেলায় যাতারপুর ফ্রেন্ডস ক্লাব ২-০ গোলে রাজনগর একাদশকে পরাজিত করে।

মুজিবনগর ইউএনও’র নাজির কাম ক্যাশিয়ার সাগরের বিরুদ্ধে মামলা

মুজিবনগর উপজেলা ভূমি অফিসের নাজির কাম ক্যাশিয়ার রবিউল ইসলাম সাগরের বিরুদ্ধে এবার আদালতের মামলা দায়ের করেছে মেহেরপুর শহরের গার্মেন্টস ব্যবসায়ী ফরহাদ মল্লিক।

মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে মামলাটি দায়ের করেন। যার মামলা নং সিআর ৪৮৭/২০২৩, তারিখ ১০/০৭/২০২৩।

আসামি রবিউল ইসলাম সাগর মেহেরপুর শহরের মুখার্জিপাড়ার মৃত মোজাম্মেল হকের ছেলে।

মামলার বিবরনে জানা গেছে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার দুস্থ্যদের মধ্যে তৈরী পোশাক বিতরনের কথা বলে ফরহাদ মল্লিকের গার্মেন্টস দোকান থেকে রবিউল ইসলাম সাগর ৫০ হাজার টাকার তৈরী পোশাক কেনেন। টাকা পরিশোধের জন্য চলতি বছরের ১২ জানুয়ারী আসামির নামীয় জনতা ব্যাংক লি: মেহেরপুর শাখায় ৫০ হাজার টাকার একটি চেক প্রদান করেন। যার চেক নং ৮৭০৩৭২৪, হিসাব নং ১৬২৩৫। ব্যাংক থেকে টাকা উঠাতে গেলে ওই একাউন্টে কোনো টাকা নেই বলে ব্যাংক জানায়। পরে ২২/০৫/২৩ তারিখে ডিসঅনার সনদ প্রদান করে।

এঘটনার পর মামলার বাদী ফরহাদ মল্লিক আসামি রবিউল ইসলাম সাগরকে টাকা প্রদানের জন্য লিগ্যাল নোটিশ পাঠান। লিগ্যাল নোটিশ পাওয়ার পর আসামি বিভিন্নভাবে প্রশাসনিক ভয়ভীতি দেখায়। জেল খাটানোর ভয়ভীতিও প্রদর্শন করেন। ফলে বাদ্য হয়ে বাদী ফরহাদ হোসেন আদালতের আশ্রয় নিয়ে তার বিরুদ্ধে এই মামলা দায়ের করেন। ১৮৮১ এর ১৩৮ ধারায় অপরাধ করার অভিযোগ এনে এই মামলাটি দায়ের করেন বাদী।

মুজিবনগরে ৫টি প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা

মুজিবনগরে অনুমোদন ও লাইসেন্স বিহীন ভাবে সিলিন্ডার গ্যাস বিক্রির অপরাধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

আজ সোমবার দুপুরে উপজেলার কেদারগঞ্জ বাজারে মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুস সাদাত এই অভিযান পরিচালনা করেন।

এসময় অনুমোদন ও লাইসেন্স না থাকায় বাংলাদেশ পেট্রোলিয়াম আইন ২০১৬ অনুযায়ী পাঁচটি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়।

একই সাথে ব্যবসায়ীদেরকে সতর্ক করা হয় এবং অনতিবিলম্বে অনুমোদন ও লাইসেন্স করার জন্য আহ্বান জানানো হয়।

এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেটকে মুজিবনগর থানা পুলিশ এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সহযোগিতা করেন।

মোনাখালীতে ফুটবল উন্মাদনা ,উদ্বোধন আগামী শুক্রবার

মুজিবনগরের মোনাখালীতে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আজ বিকেলে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ে আব্দুল খালেকের সঞ্চালনায় আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন এর ১ নং ওয়ার্ডের সদস্য মোঃ হাবিবুর রহমান। আরো উপস্থিত ছিলেন মুজিবনগর

উপজেলা কৃষক লীগের সেক্রেটারি মোহাম্মদ শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। প্রবীণ ফুটবলার মোঃ লাভলু ,আহসান উল্লাহ , মনসুর আলী, ফজলু রহমান, মনিরুজ্জামান মাষ্টার, ফারুক হোসেন চান্দ আলি সহ আরো অনেকে।

এসময় খেলা পরিচালনা সহ যাবতীয় বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং খেলার উদ্বোধনী তারিখ আগামী শুক্রবার ১৪/০৭/২০২৩ ইং নির্ধারণ করা হয়। এই টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেক দল নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত হয়। এবং প্রথম বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে এক লক্ষ টাকা এবং দ্বিতীয় বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে ৬০ হাজার টাকা।

কমিটির নিজস্ব কোন টিম থাকবে না এবং প্রতিটি টিমের জন্য শুভেচ্ছা ফিস হিসেবে এক হাজার টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে।

খেলাটি আয়োজন করছে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসী ।
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম পি।

শুধু মাঠে আগত দর্শকরাই নয় বরং পুরো টুর্নামেন্ট টি ‘আম্বার আইটি’ এর সৌজন্যে টুর্নামেন্টের মিডিয়া পার্টনার ‘মেহেরপুর প্রতিদিন’লাইভ সম্প্রচার করবে।

মুজিবনগরে দোকান ভাংচুর ও গাছ

লুটের ঘটনায় সংবাদ সম্মেলন

জোরপূর্বক জমি দখল করার নিমিত্তে নব নির্মিত দোকান পাট ভাংচুর চালিয়েছেন মুজিবনগর উপজেলার বল্লভপুরের মৃত রেজাউল হকের ছেলে সজিবুল হক। রেজাউল হক ও তার অনুগত ৮/১০জন সশস্র অবস্থায় হামলা চালিয়ে দোকান ভাংচুর করেছে মর্মে মেহেরপুর আদালতে একটি মামলা করেছেন প্রকৃত জমি ও দোকানের মালিক আনোয়ার হোসেন।

আজ শুক্রবার বল্লভপুরে তার দোকানের সামনে এক সংবাদ সম্মেলনে আনোয়ার হোসেন জমি দখল ও ভাংচুর ও মামলার বিষয়ে বিস্তারিত তুলে ধরে বক্তব্য রাখেন।

লিখিত বক্তব্যে আনোয়ার হোসেন জানান, তিনি মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের ইমান আলী ও তার ওয়ারিশগনের কাছ থেকে বল্লভপুর মৌজার গত ১৫/০৮/২০০৬ইং তারিখ ৬৪৫৩ নং দলিল মূলে এবং ২৯/০৭/২০১৯ ইং তারিখে ২০৫০নং এবং ১৭/০৭/২০২০ইং তারিখের ৭২৬১নং দলিল মূলে ক্রয় করিয়া শান্তিপূর্ণ ভাবে ভোগদখল করছেন। জমিতে ইটের পাকা প্রাচীর বেষ্টনী সেই সাথে সেগুন, মেহগনিসহ বিভিন্ন মূল্যবান গাছ ছিল।

এদিকে সুচতুর সজিবুল হক ওই জমি তার নিজের দাবী করে গত ২১/১২/২২ ইং তারিখে প্রকাশ্য দিবালোকে ৮/১০ জন সশস্র লোকজন নিয়ে হামলা করে প্রাচীর ও সীমানা বেষ্টনী ভেঙ্গে ভিতরে ঢুকে ১০টি মেহগনি এবং ২০টি সেগুন গাছ লুট করে। যার মুল্য আনুমানিক সাড়ে তিন লাখ টাকা। বিষয়টি জানার পর থানা পুলিশকে খবর দেয়া হলে সজিবুলসহ অন্যান্যরা স্থান ত্যাগ করে।

এ বিষয়ে স্থানীয়রা উভয় পক্ষকে মিমাংসার প্রস্তাব দিলেও সজিবুল হক তা অগ্রাহ্য করে। বাধ্য হয়ে তিনি মোকাম বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে ৬জন নামীয় আসামীসহ অজ্ঞাত আরো কয়েকজনের নামে একটি মামলা করেন। যার নং- সিআর ২৭০/২০২২ ইং।

আনোয়ার হোসেন আরো জানান, সজিবুল একজন দুর্ধর্ষ প্রকৃতির মানুষ। সে কুষ্টিয়া বসবাস করে। এলাকায় মাঝে মধ্যে এসে স্থানীয় গুণ্ডা প্রকৃতির লোকজনকে টাকা পয়সা দিয়ে নানা ধরনের অপকর্ম করিয়ে থাকে। তাছাড়া দোকান ভাংচুর ও গাছ লুটপাটের ঘটনায় মামলা দায়ের করার পর অব্যহত হুমকী দিয়ে যাচ্ছে সজিবুল। বর্তমানে নিরাপত্তাহীন অবস্থায় আছেন বলেও দাবী করেছেন আনোয়ার হোসেন।

বিষয়টি সমাধানে প্রশাসনের হস্তক্ষেপ দাবী করেছেন তিনি।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ি গোলাম মর্তুজা, জিন্নাত আলী, আবুল কালাম আজাদ, মারুফ হাসান, আনসারুল ইসলাম কাটুসহ এলাকার গন্যমান্য ব্যক্তি।

এবিষয়ে দোকান ভাংচুরের বিষয়ে জানতে চেয়ে সজিবুল এর সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করেও মোবাইলে সংযোগ না পাওয়ায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

মুজিবনগরের মোনাখালী গ্রামে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আলোচনা সভা

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামে এক বিরাট ফুটবল টুর্নামেন্টের আয়োজন উপলক্ষে গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভার আয়োজন করা হয়েছে আজ বৃহস্পতিবার বিকেলে মোনাখালী ফুটবল খেলার মাঠে।

মোনাখালী ইউনিয়ন পরিষদের ০১ নম্বর ওয়ার্ডের সদস্য হাবিবুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান।

উক্ত আলোচনা অনুষ্ঠানে অনন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা মিঠু,উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মানিক,মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। ইট ভাটা মালিক ফারুক হোসেন ও চপল, আবদার আলী, লাভলু,আহাসান উল্লাহ, মনসুর আলী রোকনুজ্জামান, সেলিম রেজা, চান্দ আলী, ফকিরসহ আরো অনেকে।

আলোচনা সভা থেকে খেলা পরিচালনা কমিটি চূড়ান্ত করা হয়েছে। এই

টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেককেই নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত করেছে খেলা পরিচালনা কমিটি।

ফাইনাল খেলায় বিজয়ী কে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের স্মরণকালের সবচেয়ে আকর্ষণীয় পুরস্কার প্রদান করবে বলে জানিয়েছে খেলা পরিচালনা কমিটি।

মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে বাগোয়ান ইউনিয়ন চাম্পিয়ন

মেহেরপুরের মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট -২০২৩ বালক(অনূর্ধ্ব -১৭) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে আজ বুধবার বিকেলে দারিয়াপুর ফুটবল মাঠে টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আবুল হোসেন ও শামীম শিশিরের সঞ্চালনায় অনুষ্ঠানে ভারপ্রাপ্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা আওয়ামীলীগ সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক আবুল কালাম, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদী রাসেল,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন, উপজেলা একাডেমীক সুপার ভাইজার হাসনাইন কবির, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিযাপুর ইউপি চেয়ারম্যান এএসএম মাহাবুব আলম রবি প্রমুখ উপস্থিত ছিলেন।

আম্পায়ারের দ্বায়িত্ব পালন করেন মাহাবুবুল ইসলাম, লাল্টু ও আব্দুল কুদ্দুছ।

ফাইনাল খেলায় নির্ধারিত টাইমে ১/১ গোলে ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। ট্রাইবেকারে বাগোয়ান ইউনিয়ন একাদশ ৪-২ গোলে

মোনাখালী ইউনিয়নকে পরাজিত করে বিজয়ী হওয়ার গৌরব অর্জন করে। খেলায় ম্যান অফ দা ম্যাচ নির্বাচিত হয়েছেন বাগোয়ান ইউনিয়ন একাদশের রাব্বি। সেরা গোলকিপার নির্বাচিত হয়েছেন মোনাখালী ইউনিয়ন একাদশের তামিম ।